উপজেলা পরিষদ কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী

স্মারক নং -

তারিখ ঃ ০১ নভেম্বর, ২০২১খ্রিঃ

বিষয় ঃ উপজেলা পরিষদের মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির সাধারণ সভায় উপস্থিত থাকা প্রসঙ্গে ।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আগামী ০৩/১১/২০২১ খ্রিঃ তারিখ রোজ বুধবার সকাল ৯.৩০ ঘটিকায় উপজেলা পরিষদ সভাকক্ষে উপজেলা পরিষদের মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির সাধারণ সভা অনুষ্ঠিত হবে ।

উক্ত সভায় যথাসময়ে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো ।

(মোছাঃ সানজিদা বেগম লাকী)
সভাপতি
মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
ও
ভাইস-চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ, সৈয়দপুর,নীলফামারী।

প্রাপক,

১। সদস্য সচিব, মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি ও
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সৈয়দপুর, নীলফামারী।
২। চেয়ারম্যান, ..........................ইউনিয়ন পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
৩।...............................................................সৈয়দপুর, নীলফামারী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, নীলফামারী ।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী ।
৪। উপজেলা নির্বাহী অফিসার , সৈয়দপুর, নীলফামারী ।
৫। অফিস কপি।

(মোছাঃ সানজিদা বেগম লাকী)
সভাপতি
উপজেলা পরিষদের মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
সৈয়দপুর, নীলফামারী।

সৈয়দপুর উপজেলা পরিষদ

জেলাঃ নীলফামারী

স্মারক নংঃ

তারিখঃ ০৩/১১/২০২১খ্রিঃ

## উপজেলা পরিষদের মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটির সাধারণ সভার কার্যবিবরনী

সভাপতি ঃ মোছাঃ সানজিদা বেগম লাকী
ভাইস চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

সভার তারিখ ঃ ০৩ নভেম্বর, ২০২১খ্রিঃ

সময় ঃ ০৯.৩০ ঘটিকা

স্থান ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ, সৈয়দপুর, নীলফামারী।

**উপস্থিত ব্যক্তিগণের তালিকা (পরিশিষ্ট-ক)**

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন । অতঃপর তিনি সভা পরিচালনা করার জন্য কমিটির সদস্য সচিব ও উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা কে অনুরোধ জানান। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যবিবরনী সভায় পাঠ করে শোনান। কোন প্রকার সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদন ও দৃঢ়ীকরণ করা হয় ।

**২। আলোচ্য বিষয়-০২ঃ মহিলা ও শিশু উন্নয়ন কমিটির কার্যক্রম পর্যালোচনা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান যে, তাঁর দপ্তরের ভিজিডি ও মাতৃত্বভাতা প্রদান কার্যক্রমসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। উপজেলার বিভিন্ন স্থানে বাল্যবিবাহ হচ্ছে কিন্তু নির্ভরযোগ্য সূত্রে খবর না পাওয়ায় অধিকাংশ ক্ষেত্রে কার্যকর পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হচ্ছেনা। আগামী ২৫ নভেম্বর ২০২১ থেকে ১০ ডিসেম্বর ২০২১ পর্যন্ত আন্তর্জাতিক নারী নির্যাতন প্রতিরোধ পক্ষ পালন করা হবে। ০৯ ডিসেম্বর ২০২১ তারিখে জয়িতাদের সম্বর্ধনা প্রদান অনুষ্ঠান আয়োজন করা হবে। | বাল্যবিবাহ প্রতিরোধসহ ভিজিডি ও মাতৃত্বভাতা প্রদান কার্যক্রম যথাযথভাবে পরিচালনা করার জন্য সিদ্ধান্ত গৃহীত হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সৈয়দপুর |

**৩। আলোচ্য বিষয়-০৩ঃ বাল্যবিবাহ নিরোধ, যৌতুক ও নারী নির্যাতন প্রতিরোধকল্পে সচেতনতা বৃদ্ধিমূলক কর্মসূচী/কর্মশালা**

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সভার সদস্য সচিব সভায় জানান যে, বাল্যবিবাহ, যৌতুক ও নারী নির্যাতনের ফলে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অভীষ্ট লক্ষ্যপূরণ বাধাগ্রস্ত হচ্ছে। সমাজে তৈরী হচ্ছে অসমতা। জনগণের সচেতনতার অভাব, প্রতিকারের তথ্য জানা না থাকা এবং সামাজিক আন্দোলন জোরদার না হওয়ার কারণে বাল্যবিবাহ, যৌতুকপ্রথা ও নারী নির্যাতনের মত সহিংস ঘটনা অব্যাহত রয়েছে। শিক্ষার্থীরা নেতৃত্ব দেবে আগামীর। তাই শিক্ষার্থীদেরকে তথ্যসমৃদ্ধ করে এবং তাদের মধ্য হতে বাল্যবিবাহ, যৌতুক ও নারী নির্যাতনবিরোধী কমিটি (বাজনা ব্রিগেড) গঠন করে টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রার অভীষ্ট লক্ষ্যপূরণের জন্য এই প্রশিক্ষণ অত্যন্ত প্রয়োজনীয়। | জনগুরুত্বপূর্ণ বিবেচনায় উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের আওতায় উপ-প্রকল্পটি উপজেলা পরিষদের প্রকল্প বাছাই কমিটির সভায় উত্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, সৈয়দপুর |

| | | |
|---|---|---|
| সদস্য সচিব জানান, এই উপ-প্রকল্প যেসব সমস্যার সমাধান করবে/চাহিদা মেটাবেঃ<br>(১) বাল্যবিবাহ নিরোধের মাধ্যমে নারী ও শিশুর সুরক্ষা হবে; (২) বাল্যবিবাহ, যৌতুক ও নারী নির্যাতনের কুফল সম্পর্কে জানতে পারবে এবং জনগণ তথ্য সমৃদ্ধ ও সচেতন হবে; (৩) বাল্যবিবাহ, যৌতুক ও নারী নির্যাতনের বিরুদ্ধে সামাজিক আন্দোলন জোরদার হবে এবং (৪) এসডিজির লক্ষ্যমাত্রা অর্জন সহজ হবে। | | |

**৪। অতপরঃ আর কোন আলোচ্য বিষয় না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।**

(মোছাঃ সানজিদা বেগম লাকী)
সভাপতি
মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
ও
ভাইস-চেয়ারম্যান (মহিলা)
উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা-এর কার্যালয়
সৈয়দপুর, নীলফামারী।

স্মারক নং- ৬২.০১.৭৩৮৫.০০০.২০.০০২.২০-১৮১ তারিখঃ ০৩/১১/২০২১খ্রিঃ

অনুলিপি সদয় জ্ঞাতার্থে/কার্যার্থেঃ

১। জেলা প্রশাসক, নীলফামারী ।
২। উপ-পরিচালক, স্থানীয় সরকার, নীলফামারী ।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, সৈয়দপুর, নীলফামারী ।
৪। উপজেলা নির্বাহী অফিসার , সৈয়দপুর, নীলফামারী ।
৫। উপজেলা................................ কর্মকর্তা, সৈয়দপুর, নীরফামারী।
৬। চেয়ারম্যান, .............................ইউনিয়ন পরিষদ, সৈয়দপুর, নীলফামারী।
৭। অফিস কপি।

০৩.১১.২১
(নুরুন্নাহার শাহাজাদী)
সদস্য সচিব
উপজেলা পরিষদের মহিলা ও শিশু উন্নয়ন বিষয়ক কমিটি
ও
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
সৈয়দপুর, নীলফামারী।